# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**27-05-2026** **Time: 7.50 PM**

### বিশেষ বিশেষ খবরঃ–

১) অন্নপূর্ণ যোজনার সুবিধা যোগ্য প্রাপদের কাছে পৌঁছে দেওয়ার জন্য ৯০ দিনের একটি অভিযান শুরু করছে রাজ্য সরকার।

২) বিহারে নির্বাচন কমিশন যে এস আই আর প্রক্রিয়া চালিয়েছে তার সাংবিধানিক বৈধতা রয়েছে বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

৩) রাজ্য সরকারী কর্মচারীদের ডিএ প্রদান সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্টে পরবর্তী শুনানি ২২-শে জুলাই ।

৪) কেন্দ্রীয় মন্ত্রিসভা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত কমিটি সার্থক পিডিএস কর্মসূচী চালিয়ে যাওয়ার জন্য ২৫ হাজার ৩-শো কোটি টাকার কেন্দ্রীয় অনুদান সহ একটি প্রকল্পের অনুমোদন দিয়েছে।

৫) বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক অনিক দত্তের অস্বাভাবিক মৃত্যুতে চলচ্চিত্র জগতে শোকের ছায়া।

৬) অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্প বেশি থাকার কারণে দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় আজ ঝড়-বৃষ্টির সম্ভাবনা।

৭) মোহনবাগান জেসি মুর্খার্জী টি-টোয়েন্টি চ্যাম্পিয়ান হয়েছে।

oooooooooooooooooo

অন্নপূর্ণা যোজনায় নাম নথিভুক্ত করতে এবার ৯০ দিনের বিশেষ অভিযান শুরু করছে রাজ্য সরকার। নবান্ন থেকে আজ আনুষ্ঠানিকভাবে 'অন্নপূর্ণা যোজনা'র ফর্ম প্রকাশ করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, দলের সংকল্পপত্র অনুযায়ী লক্ষ্মীর ভাণ্ডারের বদলে অন্নপূর্ণা যোজনার সুবিধা পেতে সকলকেই নতুনভাবে ফর্ম ফিলাপ করে নাম নথিভুক্ত করতে হবে। অনলাইন ও অফলাইন— দু'ভাবেই আবেদন করতে পারবেন যোগ্য উপভোক্তারা।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, লক্ষ্মীর ভাণ্ডারের তালিকায় বিপুল সংখ্যক "অযোগ্য" ও "বিদেশী" নাগরিকের নাম ঢুকে পড়েছে। ভোটার তালিকা থেকে নাম বাদ গিয়েছে বা ভারতীয় পরিচয় স্পষ্ট নয়, এমন বহু মানুষও এই প্রকল্পের সুবিধা পেয়ে আসছেন। সেই কারণেই নতুন করে যাচাই সেরে "প্রকৃত ভারতীয় ও যোগ্য" মহিলাদের হাতে সরাসরি সরকারি সাহায্য স্বরূপ প্রতি মাসে ৩ হাজার টাকা পৌঁছে দিতে চাইছে সরকার। বিডিও, পুরসভা, কর্পোরেশন, প্রশাসনিক আধিকারিকদের পাশাপাশি বিধায়কদেরও এই এনরোলমেন্ট প্রক্রিয়ায় যুক্ত করা হবে। বাড়ি বাড়ি গিয়েও ফর্ম ফিলাপ করানোর পরিকল্পনা রয়েছে সরকারের।

মুখ্যমন্ত্রী এদিন জানিয়েছেন, যতদিন পর্যন্ত অন্নপূর্ণা যোজনার এনরোলমেন্ট সম্পূর্ণ না হচ্ছে, ততদিন লক্ষ্মীর ভাণ্ডারের সুবিধা চালু থাকবে। ধাপে ধাপে ভেরিফিকেশন সম্পূর্ণ হলে উপভোক্তাদের লক্ষ্মীর ভাণ্ডার থেকে অন্নপূর্ণা যোজনায় স্থানান্তর করা হবে। নারী শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল, মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল ও উপদেষ্টা সুব্রত গুপ্ত সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন।

**oooooooooooooooooo**

রাজ্যবাসীর কাছে আরও ভালো স্বাস্থ্য পরিষেবা দিতে রাজ্য সরকার কেন্দ্রের আয়ুষ্মান ভারত প্রকল্পের সঙ্গে যুক্ত হতে চলেছে। আগামী ৮ই জুন কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই নিয়ে রাজ্যের একটি মৌ চুক্তি স্বাক্ষরিত হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ জানিয়েছেন। এই প্রকল্পে ইতিমধ্যে নাম সংযুক্তিকরনের কাজ শুরু হয়েছে। যতদিন এই প্রকল্পে নাম যুক্ত হচ্ছে ততদিন স্বাস্থ্য সাথী প্রকল্পের সুবিধাভোগীরা সুবিধা পাবেন। উল্লেখ্য, এই প্রকল্পে দেশের যে কোন জায়গায় তালিকাভুক্ত সরকারি ও বেসরকারি হাসপাতালে বছরে বিনামূল্যে ৫ লক্ষ টাকার চিকিৎসার সুযোগ পাওয়া যাবে।

**oooooooooooooooo**

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল নদিয়ার মায়াপুর যাচ্ছেন। সকালে আকাশপথে পৌছে সেখানে ইসকন মন্দির পরিদর্শনের পর সাধু সন্ন্যাসীদের সঙ্গে কথা বলবেন তিনি। মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে সেখানকার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। এরপরে কলকাতায় ফিরে আগামীকালই তার দিল্লি যাওয়ার কথা। পূর্নাঙ্গ মন্ত্রীসভা গঠন নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ অন্য নেতৃবর্গের সঙ্গে তাঁর আলোচনা হতে পারে।

এদিকে, মুখ্যমন্ত্রী আজ সকালে লোকভবনে গিয়ে রাজ্যপাল আর এন রবির সঙ্গে দেখা করেন। তাঁদের মধ্যে মন্ত্রীসভার সম্প্রসারণ সহ একাধিক বিষয় নিয়ে কথা হয়েছে।

**ooooooooooooooooo**

রাজ্য সরকারী কর্মীদের বকেয়া মহার্ঘ্য ভাতা সংক্রান্ত মামলা সুপ্রিম কোর্টে ২২-শে জুলাই পর্যন্ত পিছিয়ে গেছে। ওই দিন ডিএ দেওয়ার বিষয় রাজ্য সরকারকে স্টেটাস রিপোর্ট জমা দিতে হবে। দুই বিচারপতি সঞ্জয় কারোল ও প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চ আজ এই নির্দেশ দেন। আজকের শুনানিতে সলিসিটার জেনারেল তুষার মেহেতা আদালতে বলেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী খুব শীঘ্রই এব্যাপারে সরকারী কর্মচারী সংগঠনের সঙ্গে বৈঠকে বসবেন, সেখানে থেকে কিছু সমাধান সূত্র বেরতে পারে বলে মনে করা হচ্ছে। সেজন্যই আজকের মতো মামলা মুলতুবি রাখার আর্জি জানান তিনি। অন্যদিকে রাজ্য সরকারী কর্মচারীদের পক্ষে আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যও একই দাবি জানান। তিন মাসের মধ্যে এবিষয়ে নির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণের জন্য আদালতে দাবি জানানো হয়, এরপরই বেঞ্চ মামলার শুনানি ২২-শে জুলাই পর্যন্ত পিছিয়ে দিয়েছে।

**oooooooooooooooo**

বিহার সহ অন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন এস আই আর-এর সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া এক গুচ্ছ আবেদন আজ সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ জানিয়েছেন, এস আই আর করা নির্বাচন কমিশনের সাংবিধানিক অধিকার। সংবিধানের ৩২৪ ধারা অনুযায়ী নির্বাচন কমিশনকে এসংক্রান্ত ক্ষমতা দেওয়া হয়েছে। প্রকৃত ভোটদাতাদের চিহ্নিত করতে তাদের কাছ থেকে নথি চাওয়া অপ্রয়োজনীয় নয়। শুধুমাত্র নাম বাদ দেওয়া নয়, যোগ্য ভোটারকে তালিকাভুক্ত করতেই এস আই আর-এর প্রয়োজন বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

<u>oooooooooooooooooo</u>

বিজেপি, অনুপ্রবেশকারীদের অবিলম্বে দেশ ছাড়ার বার্তা দিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভার সাংসদ রাহুল সিনহা জানান, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের বহিষ্কার করার ঘোষণার পরে তারা নিজেরাই সীমান্ত পেরিয়ে দেশ ছেড়ে চলে যাওয়ার উদ্যোগ নিয়েছে।

বাংলাদেশী অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের জন্য পশ্চিমবঙ্গের ভারসাম্য নষ্ট হয়ে যাচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট – রাহুল সিনহা)

দেশের প্রকৃত নাগরিকদের আধার কার্ড দেওয়ার পরিবর্তে এই অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের যারা জাল আধার ও ভোটার কার্ড বানিয়ে দেওয়া হয়েছে। এই আধার ও ভোটার কার্ড জালিয়াতিতে জড়িতদের প্রত্যেকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের সন্ধান পেলে অবিলম্বে সরকারকে জানিয়ে সহায়তা করার জন্য শ্রী সিনহা সবার কাছে আবেদন জানিয়েছেন।

এদিকে, ফলতায় পুনর্নির্বাচনের পর তৃণমূল কংগ্রেস দলটাকে তুলে দেওয়া উচিত বলে শ্রী সিনহা মন্তব্য করেছেন। মুখ্যমন্ত্রী স্বচ্ছ প্রশাসনিক ব্যবস্থা গড়ে তুলতে যে পদক্ষেপ নিয়েছেন, তাতে হতাশ হয়েই তৃণমূল কংগ্রেস নেতারা একে একে দলত্যাগ করছেন বলেও জানান তিনি।

<u>oooooooooooooooooo</u>

পুলিসের হাতে ধৃত বাদুড়িয়া পৌরসভার চেয়ারম্যান তৃণমূল কংগ্রেস নেতা দীপঙ্কর ভট্টাচার্যর পাট ক্ষেত থেকে বিপুল পরিমাণ টাকা উদ্ধার করেছে পুলিশ। ধৃত দীপঙ্কর কে নিয়ে পুলিশ তার পার্টি অফিস সংলগ্ন একটি জমিতে মাটি খুঁড়ে টাকা ভর্তি ৪টি ব্যাগ এবং ১টি বস্তা উদ্ধার করে। সে গুলি ৫০০ টাকার নোটের বান্ডিলে ভরা ছিল বলে জানা গেছে। এদিকে ধৃত চেয়ারম্যানকে ছ'দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে আদালত।

উত্তর ২৪ পরগনার গোবরডাঙায় তোলাবাজি, হুমকি এবং ২১শে ভোট-পরবর্তী হিংসার অভিযোগে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন জেলা পরিষদ সদস্য অজিত সাহা ও তাঁর ভাই সুজিত কুমার সাহা কে গ্রেফতার করেছে পুলিশ। উদ্ধার হয়েছে ২৭ লক্ষ টাকা, ৬৬৬টি কার্তুজ, এয়ার

পিস্তল, স্পোর্টস এয়ার গান, ৫২ বোতল বিদেশি মদ । আগামীকাল তাদের বারাসত আদালতে তোলা হবে বলে পুলিশ সূত্রে খবর।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয় সংক্রান্ত কমিটি ষোড়শ অর্থ কমিশনের আওতায় "সার্থক পিডিএস"-কর্মসূচী চালিয়ে যাওয়ার জন্য ২৫ হাজার পাঁচশো ৩০ কোটি টাকার কেন্দ্রীয় অনুদান সহ একটি প্রকল্পের অনুমোদন দিয়েছে। এতে, গণবন্টন ব্যবস্থা-PDS-এর আওতায় রেশন পরিবহণ এবং হ্যান্ডলিং-এর জন্য সহায়তা প্রকল্প চালু রাখার সংস্থান রয়েছে। নতুন দিল্লিতে আজ সংবাদ মাধ্যমের কাছে তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন, এই প্রকল্পটি বিভিন্ন রাজ্যের মধ্যে খাদ্যশস্য পরিবহণের জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলিকে সাহায্য করবে।

**(বাইট – বৈষ্ণ)**

শ্রী বৈষ্ণ বলেছেন, এতে "নির্মল", "আশা" এবং "সক্ষম" নামে তিনটি প্রধান কৃত্রিম বুদ্ধিমত্তা-AI চালিত মডিউল থাকবে। তিনি বলেন, নির্মল-এর মাধ্যমে রিয়েল-টাইম গণবন্টন ব্যবস্থার সুবিধাভোগীদের তালিকা তৈরি, আশা-র মাধ্যমে অভিযোগের নথিভুক্তিকরণ ও সক্ষম-এর মাধ্যমে যানবাহন ট্র্যাকিং করা হবে।

রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির আন্তঃরাজ্য চলাচল, খাদ্যশস্য ব্যবস্থাপনা, ন্যায্যমূল্যের দোকানের ডিলারদের সংখ্যা এবং কেন্দ্রীয় সহায়তার কাঠামো অব্যাহত রাখার জন্য কেন্দ্রীয় অর্থ সহায়তার নিয়মাবলীও সংশোধন করা হবে বলে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত কমিটি-CCEA জানিয়েছে।

মন্ত্রী বলেন, এই প্রকল্পটি জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতাভুক্ত ৮১ কোটি ৩৫ লক্ষ ব্যক্তির প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে কাজ করবে। তিনি বলেন, এই প্রকল্পটি বিদ্যমান পিডিএস প্রকল্পের বিকল্প নয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার কৃষকদের উন্নয়নে একাধিক প্রকল্প চালু করেছে। এর মধ্যে অন্যতম স্বল্প সুদে ঋনের জন্য কিষান ক্রেডিট কার্ড, প্রাকৃতিক বিপর্যয়ে ফসল নষ্ট হয়ে গেলে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা বা কৃষকদের সহায়াতার জন্য কৃষক সম্মান নিধির মতো বিভিন্ন প্রকল্প।

পুরুলিয়ার কৃষকদের কাছে কিষাণ ক্রেডিট কার্ড ভগবানের আশীর্বাদ স্বরূপ। এরফলে বাইরে থেকে চড়া সুদে টাকা ধার রতে হয় না। ফলে লাভের একটা বড় অংশ তাদের হাতেই থেকে যায়।

(বাইট – উপভোক্তা কৃষক)

**oooooooooooooooooooo**

বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক অনিক দত্তের অস্বাভাবিক মৃত্যুতে চলচ্চিত্র জগতে শোকের ছায়া। আজ সকালে হিন্দুস্তান পার্কে নিজের ফ্ল্যাটের বহুতল আবাসনের ছাদ থেকে পড়ে গুরুতর জখম হন তিনি। সংকটজনক অবস্থায় ঢাকুরিয়ার একটি বেসরকারী হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। ছাদ থেকে একটি সুইসাইড নোট উদ্ধার করেছে পুলিশ। তবে, সেই সঙ্গে পরিচালকের হস্তাক্ষর মিলিয়ে দেখা হচ্ছে। ইতিমধ্যেই অনিক দত্তের ময়না তদন্ত সম্পন্ন হয়েছে।

পুলিশ ঘটনাস্থল ঘিরে রেখেছে। লালবাজারের সায়েন্টিফিক উইং-এর পাশাপাশি হোমিসাইট বিভাগ এবং ফরেন্সিক দল ঘটনাস্থল ঘুরে দেখেছে। সংগ্রহ করা হয়েছে নমুনা। এটি আত্মহত্যা কিনা, তা খতিয়ে দেখতে পুলিশ। তাঁর মেয়ে কলকাতার বাইরে থাকেন। আগামীকাল তিনি আসলে পরিচালকের শেষকৃত্য সম্পন্ন হবে। অভিনেতা খরাজ মুখোপাধ্যায়, অনিক দত্তের মৃত্যুকে চলচ্চিত্র জগতের অপূরণীয় ক্ষতি বলে উল্লেখ করেছেন।

(বাইট – খরাজ মুখোপাধ্যায়)

পরিচালকের আত্মীয় অভিনেত্রী বিদিপ্তা চক্রবর্তী জানিয়েছেন, এই মৃত্যু অত্যন্ত আকস্মিক।

(বিদিপ্তা চক্রবর্তী)

উল্লেখ্য, অনিক দত্ত পরিচালিত ভূতের ভবিষ্যত বাংলা চলচ্চিত্র সমাজকে এক অন্য মাত্রায় নিয়ে গিয়েছিল। সত্যজিৎ রায়ের জীবনের ওপর নির্মিত অপরাজিত করে তিনি বহুল প্রশংসা

কুড়িয়েছেন। এছাড়াও বরুণবাবুর বন্ধু, আশ্চর্য প্রদীপ, যত কান্ড কলকাতাতেই – সহ একাধিক ছবিতে তিনি অসাধারণ মুন্সিয়ানার ছাপ রেখেছেন।

বিজেপি এই ঘটনায় সঠিক তদন্ত দাবি করেছে। মৃত্যুর প্রকৃত কারণ প্রকাশ্যে আনার জন্য দলের তরফে আর্জি জানানো হয়েছে।

এদিকে, অনিক দত্তের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই মুহূর্তে এস এস কে এম হাসপাতালে পৌঁছেছেন তিনি। পরিচালকের সম্মানে দেওয়া হবে গার্ড অফ অনার।

প্রদেশ কংগ্রেস মুখ্যপাত্র সৌম আইচ রায় জানান, অন্যায়ের বিরুদ্ধে সিনেমার মাধ্যমে প্রতিবাদ করেছেন অনিক দত্ত। তাঁর এধরনের মৃত্যুতে সংস্কৃতি জগতে নক্ষত্রের পতন হলো।

সি পি আই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, সিনেমার মধ্য দিয়ে যাদের কথা অনিক বলে গেছেন, তাঁরা  এই ঘটনায় আশাহত।

oooooooooooooooooooo

দক্ষিণ কলকাতার বাঁশদ্রোনি এলাকায় বেসরকারি স্কুলের তৃতীয় শ্রেণীর পড়ুয়া মৃত্যুর ঘটনায়, এই মুহূর্তে নেতাজি নগর থানার উত্তাল পরিস্থিতি।

উপযুক্ত তথ্য প্রমাণের অভাবে গতকাল গ্রেফতার হওয়া তিনজনকে ছেড়ে দেওয়ার পরই অভিভাবকরা ক্ষিপ্ত হয়ে ওঠেন। আজ আদালতে তোলার কথা থাকলেও সেখানে অভিযুক্ত তিনজন হাজির করানো হয়নি। এফ আই আরে জামিন অযোগ্য ধারা যোগ করা হলেও তাদের ছেড়ে দেওয়া হয়েছে বলে অভিভাবকদের অভিযোগ। পুলিশের তরফ থেকে অবশ্য কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। থানার সামনে পরিস্থিতি উত্তপ্ত হওয়ায় ঘটনাস্থলে  আসেন টালিগঞ্জের বিধায়ক পাপিয়া অধিকারী। দীর্ঘক্ষণ তিনি এবং বাচ্চাটির অভিভাবকরা থানার ভেতরে ছিলেন। পরে বিধায়ক বাইরে বেরিয়ে পুনরায় গ্রেফতারের আশ্বাস দেন তবে অভিভাবকরা এখনও বৃষ্টির মধ্যে প্রতিবাদ করছে।

oooooooooooooooooooo

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয় বাষ্প বেশি থাকার কারণে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। বীরভূম মুর্শিদাবাদ নদীয়া পূর্ব ও পশ্চিম বর্ধমান ঝাড়গ্রাম

এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় রয়েছে কমলা সতর্কতা। তবে পশ্চিমের জেলাগুলিতে আর্দ্র ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। আগামীকাল পূর্ব বর্ধমান জেলায় ভারী বৃষ্টির সতর্কতা দেওয়া হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা কমলেও জলপাইগুড়ি জেলায় আজ ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। আগামী দুই দিন পশ্চিমবঙ্গ ও সংলগ্ন উত্তর উড়িষ্যা উপকূলে মৎস্যজীবীদের যেতে নিষেধ করা হয়েছে।

ইতিমধ্যেই কলকাতার একাধিক এলাকা সহ বেশ কিছু জেলায় শুরু হয়েছে বৃষ্টি। স্বস্তিতে সাধারণ মানুষ।

oooooooooooooooooooo

মোহনবাগান জে সি মুখার্জী টি টোয়েন্টি ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। ইডেনে আজ ফাইনালে মোহনবাগানের ছয় উইকেটে ১৮৯ রানের জবাবে ভবানীপুর ৮ উইকেটে ১৮৯ রান সংগ্রহ করলে ম্যাচ টাই হয়ে যায়। কম উইকেট হারানোয় মোহনবাগানকে বিজয়ী ঘোষণা করা হয়।

মোহনবাগানের পক্ষে শাকির হাবিব গান্ধী ৯৩, বিবেক সিং ৪৬ রান করেন। বরিষা স্পোটিং ক্লাব পি সেন ট্রফি আমন্ত্রনী ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে। কলকাতায় আজ কোয়ার্টার ফাইনালে তারা ১৭৪ রানে সিএবি সভাপতি একাদশকে পরাজিত করেছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo